# বিশ্বাসঘাতক লোকদের সাথে থেকো না

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্‌, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্‌, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আল্লাহ্‌ (জাল্লা জালালুহু) কার সাথে আমাদের থাকার আদেশ দেন? আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ اتَّقُواْ اللّهَ وَكُونُواْ مَعَ الصَّادِقِينَ

"ইয়া আইয়ুহাল্লাযিনা আমানুত-তাকুল্লাহা ওয়া কুনু মা আস-সাদিকীন।" (সুরাহ তাওবাঃ১১৯) "হে বিশ্বাসীরা, আল্লাহ্‌র বিরুদ্ধাচরণকে ভয় কর এবং যারা সত্য তাদের সাথে থাকো"। তিনি বলেন, "আল্লাহ্‌কে ভয় কর এবং যারা সত্য তাদের সাথে থাকো, যারা মিথ্যুক তাদের সাথে নয়।" যারা এই উপদেশ, আদেশ মানে তারা স্বাচ্ছন্দ্যে থাকে। যদি তুমি আল্লাহ্‌কে ভয় কর তাহলে খারাপ কাজ করবে না। আর যখন তুমি তাদের সাথে থাকবে যারা মিথ্যাবাদী নয়, যারা সত্য এবং সৎ, সেটাও একটি অতি সুন্দর বারাকাত।

যখন তুমি বিশ্বাসঘাতক লোকদের সাথে থাকবে তখন তুমি বুঝতে পারবে না কখন তোমার ক্ষতি হবে। হঠাৎ করে তুমি দেখবে যে সে তোমাকে বিশাল ক্ষতি এবং সমস্যার মধ্যে ফেলে দিয়েছে। তাই তোমাকে সবসময় সাবধান থাকতে হবে তুমি কার সাথে বন্ধুত্ব কর। তোমাদের সাবধান হতে হবে তোমরা কার সাথে দেখা কর এবং কার সাথে কথা বল।

নিজেকে এমন কারও কাছে ছেড়ে দিও না যে ভালো লোক নয়। তুমি অবিরত তাদের সাবধান করতে পারো, উপদেশের আঙ্গিকে, যেন তারা নিজেদের ঠিক করে। তারা যদি সবসময় খারাপ থাকে, যদি মিথ্যা এবং প্রতারণায় লিপ্ত থাকে, তোমরা তাদের সাথে বন্ধু হয়ো না এবং তখন তোমরা আরামে থাকবে। আল্লাহ্‌ যেন আমাদের সবাইকে সত্যদের মধ্যে শামিল করেন ইনশাআল্লাহ্‌।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৮ অগাস্ট ২০১৬/৫ যুল-কিদাহ ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।